সমকাল

তারিখ ... 08 JUL 2015 ...
পৃষ্ঠা ... ২৪ ... কলাম ... ১ ...

# দূরশিক্ষণে অনলাইন

অভাবে

নতায়



টেকনাফের কনকাড়পাড়ায় গ্রামীণফোনের সহায়তায় জাগো ফাউন্ডেশন পরিচালনা করছে অনলাইন স্কুল

রাশেদ মেহেদী, *টেকনাফ থেকে ফিরে*

কনকাড়পাড়া জায়গাটা সমুদ্র সৈকতের খুব কাছাকাছি। টেকনাফ সদর উপজেলার এ জায়গাটি এখন শুধু সমুদ্র সৈকতের জন্য নয়, বিশেষ ধরনের একটা শিক্ষা প্রতিষ্ঠানের জন্যও পরিচিত। প্রতিষ্ঠানটির বিশেষত্ব, এটি পরিচালিত হয় অনলাইনে। শিক্ষক ঢাকায়, শিক্ষার্থী ৪৭৫ কিলোমিটার দূরে। শিক্ষক আছেন ব্যস্ত নগরীর কোলাহলে শীতাতপ নিয়ন্ত্রিত একটি কক্ষে। আর শিক্ষার্থী সমুদ্র সৈকতের খুব কাছে, যেখানে ঘরের দরজা খুলে যায় স্রোতের মতো বয়ে যাওয়া খোলা বাতাসে। মাঝখানে ইথার, যার অদৃশ্য শরীরে কোটি তরঙ্গের অবিরাম ছোটাছুটি। সেই তরঙ্গ বয়ে নিয়ে আসছে নানা রকম শব্দ, ছবি, ভিডিও বার্তা, যার একটি 'হাউ আর ইউ শুভ্র?' কনকাড়পাড়ায় গ্রামীণফোনের সহায়তায় গড়ে ওঠা জাগো ফাউন্ডেশন অনলাইন স্কুলের শ্রেণীকক্ষে বসে শুভ্র নামের ছয়-সাত বছরের শিশুটি পর্দায় ভেসে ওঠা শিক্ষকের মুখে প্রশ্ন শুনে হাত তুলল, 'আই অ্যাম ফাইন, মিস।' এরপর আগের দিনের হোমওয়ার্ক কতটা হয়েছে সে খবর নিলেন শিক্ষক। পর্দার দিকে তাকিয়ে প্রায় এক নিঃশ্বাসে হোমওয়ার্কের বিবরণ দিল শুভ্র। পর্দার এক কোণে ঢাকায় বসে থাকা শিক্ষকের ছোট মুখ। তার দিকে আকর্ষণ শ্রেণীকক্ষের ৪০ শিক্ষার্থীর। পর্দার বাকি অংশে ভেসে উঠছে কখনও পাঠ্যবইয়ের পাতা, কখনও কার্টুন চিত্রে বুঝিয়ে দেওয়া হচ্ছে পাঠ।

প্রায় আধ ঘণ্টার পাঠদান প্রক্রিয়া শেষ হলে কথা হলো শুভ্রর সঙ্গে। 'পড়া কেমন লাগছে, শুভ্র'। 'ভেরি গুড।' শুভ্রর চটপট জবাব। 'তুমি পর্দায় শিক্ষকের সঙ্গে যেভাবে কথা বললে, সেটার একটা নাম আছে', প্রশ্ন শেষ হলো না, শুভ্র জবাব দিল, 'দিস ইজ ভিডিও কনফারেন্সিং।' শিশুটির চোখে-মুখে প্রবল উৎসাহের ছাপ। বিস্ময়ের ঘোরের মধ্যে পড়তে পড়তে শিশুটিকে আর একটি প্রশ্ন করলেন সংবাদ কর্মী। 'ভিডিও কনফারেন্সিং কী দিয়ে হয় জান?' শুভ্র মুহূর্তে উত্তর দিল 'ইন্টারনেট।' আর মনে হয় প্রশ্ন করার দরকার নেই। প্রত্যন্ত গ্রামে অভাবের সংসারে জন্ম নেওয়া শুভ্রর বয়স ১০ পার হয়নি। এর মধ্যেই শহুরে বিদ্যার ডিজিটাল বাহাদুরির অনেক কিছুই তার দখলে। বোঝা যাচ্ছে, অনলাইন স্কুলের উদ্যোগ শিক্ষা ক্ষেত্রে শহর-গ্রামের ব্যবধান অদূর ভবিষ্যতে একেবারেই দূর করে দিতে পারে। কারণ প্রক্রিয়ার শুরুটা তো হয়েই গেছে। কনকাড়পাড়ায় বসে তার নমুনা তো দেখা গেল চোখের সামনেই। শ্রেণীকক্ষের বাইরে বারান্দায় লম্বা বেঞ্চে বসে আছেন মায়েরা। বাবারা কাজে-কর্মে ব্যস্ত। মায়েরাই শুভ্রদের স্কুলে আনা-নেওয়া করছেন। কথা হলো শুভ্রর মায়ের সঙ্গেও। তিনি টেকনাফের আঞ্চলিক ভাষায় কথা বলেন। তার অধিকাংশ শব্দ ওই অঞ্চলের বাইরের বাংলাভাষীদের পক্ষে বোঝাও বেশ কষ্টকর। তার নাম বুঝতেই তিনবার প্রশ্ন করতে হলো। শুভ্রর মায়ের নাম রিতা শর্মা। তিনি জানান, শুভ্রর বাবা স্বপন কুমার শর্মা সেলুনে কাজ করেন। সেই তিন-চার কিলোমিটার দূরের কেতিভিল বাজার থেকে প্রতিদিন টমটমে করে (ব্যাটারিচালিত অটোরিকশা) সন্তানকে নিয়ে আসেন। 'এত দূরে শিশু নিয়ে আসছেন, বাড়ির কাছে আর কোনো স্কুল নেই?' 'আছে তো, প্রাইমারি স্কুল আছে। কিন্তু শুনলাম, এই স্কুলে শহরের স্যার-ম্যাডামরা পড়াবেন, পড়ালেখাও ভালো। তাই এখানেই শিশুকে ভর্তি করেছি।' আঞ্চলিক ভাষায় তিনি আরও জানান, এই স্কুলে শিশুদের পড়ালেখার খরচ নেই। এমনকি স্কুলের ব্যাগ, ড্রেসও ফ্রি দেওয়া হয়। টমটমে যাওয়া-আসার জন্য প্রতিদিন পাঁচ-পাঁচ ১০ টাকা বাদ দিলে আর কোনো খরচ নেই। শুভ্রর মা দারুণ খুশি আরও একটা কারণে। এই স্কুলে ভর্তি হওয়ার কিছুদিন পর থেকেই ছেলে তার গটগট করে ইংরেজি বলছে, অনেক কঠিন কঠিন শব্দ বলছে, দারুণ আগ্রহ নিয়ে বই পড়ছে, কাউকে তার পড়তে বসার কথা বলতে হয় না। তার তিন ছেলেমেয়ের মধ্যে শুভ্রকে নিয়েই স্বপ্নটাও দিন দিন বড় হচ্ছে।





কথা হলো গোবিন্দ, ফয়সালের মা...
অনুভূতিও একই রকম। অন্য মা...
আছেন নিঃসন্দেহে তাদের অনুভূতি...
বলে দেওয়া যায়।
অনলাইন স্কুলে পর্দার শিক্ষকের...
একজন শিক্ষক থাকেন। যিনি অন...
এখানকার শিক্ষার্থীদের সেতু বন্ধ...
পরিদর্শনের সময় এই শ্রেণীকক্ষে...
শর্মা। তিনি জানান, টেক্সটবুক...
অনুযায়ী এখানে ইংরেজি ভাষ...
পাশাপাশি বোর্ডের বইও পড়ছে শি...
পাশাপাশি মাল্টি মিডিয়ার মাধ্য...
শিশুদের আগ্রহের বিষয়টি বিবেচন...
শিক্ষা উপকরণগুলো তৈরি করা হ...
শুধু টেকনাফে একটি নয়, গ্রা...
জাগো ফাউন্ডেশনের পরিচালনা...
১০টি অনলাইন স্কুলের কার্যক্রম ...ষ্ঠে জাতীয়
হচ্ছে– বান্দরবান, লক্ষ্মীপুর, মাদ... এরপর আমন্ত্রিত
মধ...

## ...ফলে বেশি

...মানসিক বিকাশ, মেধা ও বুদ্ধি এবং
...চ্ছে। বাংলাদেশের ৬৪টি জেলার মধ্যে
...থেকে ৬৪তম রয়েছে বলে তুলে ধরা
...শেষে গোলটেবিল বৈঠক শুরু হয়।
...বা রাখেন, কবি ও সাহিত্যিক চৌধুরী
...ন, শিশুরা আমাদের ভবিষ্যৎ। শিশুরা
...রা মেধার বিকাশের দিক থেকে
...বে পড়বে পড়ালেখাসহ সমাজের
...ংসক মা ও শিশু বিশেষজ্ঞ আমিনুল
...অঞ্চলের লোকরা বেশি অপুষ্টিতে
...নে দুর্গম এলাকা আছে, যেখানে
...দেওয়ার জন্য হেলিকপ্টার ব্যবহার
...৬ শতাংশ সফলতা অর্জন করেছে
...ার সহযোগিতায় এ সফলতা। যাদের
...হ তাদের জেলা সদর হাসপাতালে
...ইউনিটে এনে নিবিড়ভাবে পর্যবেক্ষণ

...বিদ্যালয়ের শিক্ষিকা হাশেনু মার্মা
...ক আমরা কেন ৬৪ নাম্বারে থাকব।
...এর উত্তোরণ দরকার। পার্বত্য
...ত্র একটি বিষয়ে লক্ষ্য করলে দেখা
...সাধারণ বাঙালি নারীদের চেয়ে
...ক পিছিয়ে আছে। এর মূল কারণ
...জ্যোতি চাকমা বলেন, পুষ্টি সমৃদ্ধ
...থাকায় এ অঞ্চলের অন্য আদিবাসীদের
...থেকে বম ও ম্রোরা কিছুটা খর্বকায়।
...বলেন, দুর্গম পাহাড়ে বাঁশ নেই,

জেলার বিশিষ্ট ব্যক্তি...
অংশগ্রহণ করে। গো...
...ওপর তথ্যচিত্র উপস্থা...